165

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 2 0 1999
পৃঃ ৩ কলাম ৪

# এডওয়ার্ড কলেজের ৫ শত ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

পাবনা সংবাদদাতা ॥ এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজে গত বৎসর সম্মান শ্রেণীতে ভর্তিকৃত প্রায় ৫ শত ছাত্র-ছাত্রীর রেজিষ্ট্রেশন কার্ড অদ্যাবধি কলেজ কর্তৃপক্ষের হাতে আসিয়া পৌঁছায় নাই। ফলে ঐসব ছাত্র-ছাত্রী চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটাইতেছে। ২০শে জুনের

(৮ম পৃঃ দ্রঃ)

## এডওয়ার্ড কলেজের

(৩য় পৃঃ পর)

মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় হইতে রেজিঃ কার্ড না আসিলে ছাত্র-ছাত্রীরা আগামী ৩রা জুলাই হইতে অনুষ্ঠিতব্য প্রথম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না বলিয়া কলেজ কর্তৃপক্ষ সূত্রে জানা গিয়াছে।

ভুক্তভোগী ছাত্র-ছাত্রীরা জানায়, তাহারা যথাযথভাবে কলেজ কর্তৃপক্ষের নিকট পরীক্ষার ফি জমা দিয়া ফরম পূরণ করিয়াছে। এইসব ছাত্র-ছাত্রী কলেজ কর্তৃপক্ষের সাথে এ ব্যাপারে বার বার যোগাযোগ করিয়াও কোন সুফল পাইতেছে না।

এ ব্যাপারে এডওয়ার্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হইলে তিনি জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সংখ্যক আসনের অতিরিক্ত যে সকল ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হইয়াছিল তাহাদের ব্যাপারেই কেবল সমস্যা হইয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয় হইতে তাহাদের রেজিষ্ট্রেশন কার্ড দিতেছে না। ইহাতে ছাত্র ছাত্রীদের শিক্ষাজীবন অনিশ্চিত হইয়া পড়িয়াছে। কলেজের একটি মহল সূত্রে জানা গিয়াছে, নির্ধারিত সংখ্যক আসনের অতিরিক্ত ছাত্র ভর্তি না করার ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কড়া নির্দেশ থাকা সত্ত্বেও কিছুসংখ্যক ছাত্রনেতার চাপের মুখে কলেজ কর্তৃপক্ষ এইসব ছাত্র-ছাত্রী ভর্তি করিতে বাধ্য হইয়াছিলেন। সূত্র জানান, চলতি বৎসরেও এডওয়ার্ড কলেজে ছাত্র-নেতাদের চাপের মুখে প্রায় এক সহস্র অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়াছে।